

### প্রকল্পের উদ্দেশ্য:

০১. ভেড়া পালনে জনগনের সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে ভেড়ার উৎপাদন বৃদ্ধি করা।
০২. ভেড়া পালনে খামারীদের সচেতনতা সৃষ্টি করা ও উদ্যোক্তা তৈরীর প্রচেষ্টা নেয়া।
০৩. কম্পোনেন্ট-এ হতে গবেষণার মাধ্যমে প্রাপ্ত টেকনোলজী প্রশিক্ষণের মাধ্যমে খামারীদের মধ্যে স্থানান্তর করা।
০৪. ভেড়া পালনের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করা।
০৫. পশম ও মাংসের বাজার বৃদ্ধি করার জন্য দেশী ভেড়া পালনে প্রশিক্ষণ ও প্রচারের ব্যবস্থা নেওয়া।
০৬. ভেড়ার স্বাস্থ্য উন্নয়নের সহায়তা হিসেবে টিকা, কৃমিনাশক ও জরুরী ঔষধ এবং ঘাস সরবরাহের ব্যবস্থা নেওয়া।
০৭. ৩টি ডেমনস্ট্রেশন ভেড়ার খামার স্থাপনের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্যাপাসিটি বিল্ডআপ করা।

### প্রকল্পের মূল কার্যক্রম

১. ০৩ (তিন) টি ডেমনস্ট্রেশন ভেড়ার খামার স্থাপনের (রাজাবাড়ীহাট, রাজশাহী, ফকিরহাট, বাগেরহাট ও শেরপুর, বগুড়া) মাধ্যমে খামারে উৎপাদিত বাড়ন্ত ভেড়ী ও পঁঠা খামারীদের মধ্যে নির্ধারিত সরকারী মূল্যে বিতরণ করা।
২. ৬৪ টি জেলায় ১২৮ টি উপজেলায় ১২৮ টি কন্ট্রাক্ট গ্রোয়িং খামার উন্নয়ন করা।
৩. ৬৪ টি জেলায় ৪৮০ টি উপজেলায় ১৩,০০০ ক্ষুদ্র ও মাঝারী খামার উন্নয়ন করা।
৪. ১৩,০০০ ভেড়ার খামারীদের আধুনিক পদ্ধতিতে ভেড়া পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।
৫. ৬,০০০ জন ভেড়ার খামারীকে রিফ্রেসার্স ট্রেনিং প্রদান করা।
৬. ৫০০ জন ভি.এফ.এ/কম্পাউন্ডারকে ভেড়া পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।
৭. ৩০০ জন মাংস বিক্রেতাকে ভেড়ার মাংসের গুণগত মান বিষয়ে প্রশিক্ষণ দান।
৮. কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণদান।
৯. বিদেশে স্ট্যাডিটুর।
১০. ভেড়ার খামারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মুদ্রন সামগ্রী (বুকলেট, লিফলেট, ফোল্ডার, ফেস্টুন, পোস্টার) বিতরণ করা।
১১. ভেড়ার মাংস দেশের জনসাধারণের নিকট জনপ্রিয়করণের লক্ষ্যে রেডিও, টেলিভিশনে প্রচার প্রচারণার ব্যবস্থা করা।
১২. প্রকল্প হতে ভেড়ার খামারীদেরকে সাপোর্ট সার্ভিস হিসেবে কৃমিনাশক ও জরুরী ঔষধ, টিকা, ক্যাসট্রেটর মেশিন ও শেয়ারিং মেশিন সরবরাহ করা।
১৩. প্রকল্প হতে সফল ভেড়ার খামারীদেরকে পুরস্কার প্রদান ও গরীব খামারীদেরকে ভেড়ার সেড নির্মাণের জন্য আর্থিক সহায়তা প্রদান।
১৪. প্রকল্পের আওতায় ০৩ টি পার্বত্য জেলার অধিবাসীদের দারিদ্র বিমোচন ও জীবন মান উন্নয়নে প্রত্যেকটি উপজেলায় ২০ জন সুফলভোগী নির্বাচন করে মোট ৫০০ জন সুফলভোগীর মাঝে প্রত্যেককে ০৩ টি করে (২ টি ভেড়ী + ১ টি পঁঠা) সর্বমোট ১৫০০ টি ভেড়া বিনামূল্যে বিতরণ কার্যক্রম গ্রহণ করা।